

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.০৮.০০৬.১৭.৫৯৯

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সিলেট জজশীপের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা বেগম ইয়াসমিন বেগম এর অনুকূলে যুক্তরাজ্য সরকার কর্তৃক প্রদত্ত সম্পূর্ণ অর্থায়ন সম্পন্ন Commonwealth Shared Scholarship এর আওতায় Nottingham Trent University, UK তে আগামী ২৪/০৯/২০১৮ খ্রিঃ হতে ৩০/০৯/২০১৯ খ্রিঃ পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী “LLM on Health Law and Ethics” কোর্সে অধ্যয়নের জন্য আগামী ১৭/০৯/২০১৮ খ্রিঃ হতে ০৭/১০/২০১৯ খ্রিঃ পর্যন্ত নিম্নলিখিত শর্তে প্রেষণ মঞ্জুর করা হলো :

শর্তসমূহ :

- ১। প্রেষণের সময়কাল কর্তব্যরত হিসেবে গণ্য হবে;
- ২। প্রেষণকালীন সময়ের বেতন ও অন্যান্য ভাতাদি স্থানীয় মুদ্রায় গ্রহণ করবেন;
- ৩। এ অধ্যয়নে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। প্রেষণের মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকার কর্তৃক অন্য কোন নির্দেশ প্রদান না করা হলে উক্ত মেয়াদকাল শেষ হওয়া মাত্রই দেশে প্রত্যাবর্তন করতঃ অনতিবিলম্বে কর্মস্থলে যোগদান করবেন এবং সফলভাবে এলএলএম কোর্স সমাপ্তির সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করবেন।
- ৫। সরকারের অনুমতি ব্যতীত উক্ত মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে;
- ৬। বিদেশে অবস্থানকালে কোন ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করবেন।
- ৭। প্রেষণ শেষে কমপক্ষে দুই বছর চাকরি না করে ইন্তুফা প্রদান করলে প্রেষণকালীন সময়ে আহরিত বেতন-ভাতা সরকারের নিকট পরিশোধে বাধ্য থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-
(মোঃ মাহবুবুর রহমান সরকার)
উপসচিব (প্রশাসন-১)
ফোন : ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.০৮.০০৬.১৭.৫৯৯/১(১৬)

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৬। বেগম ইয়াসমিন বেগম, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৯। উপ-নিয়ন্ত্রক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১২। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। গার্ড ফাইল।
- ১৬। অফিস কপি।

১৯/০৯/১৮
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৪৩১।